বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
স্নাতক শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি
২০১৯ - ২০২০ শিক্ষাবর্ষ

Website for Online Application: **www.buet.ac.bd**

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদসমূহের বিভিন্ন বিভাগে স্নাতক শ্রেণিতে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। যে সকল ছাত্র-ছাত্রী ২০১৬ বা ২০১৭ সালে মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় এবং ২০১৯ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে **অথবা** ২০১৬ সালে মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় এবং ২০১৮ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষার সংশোধিত ফলাফল ১০ সেপ্টেম্বর ২০১৮ তারিখের পরে শিক্ষা বোর্ড থেকে প্রকাশিত হয়েছে **অথবা** ২০১৫ সালের নভেম্বর বা তার পরে GCE "O" লেভেল এবং ২০১৮ সালের নভেম্বর বা তার পরে GCE "A" লেভেল পরীক্ষার ফলাফল প্রাপ্ত হয়েছে, অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে শুধুমাত্র তারাই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে। যে সকল ছাত্র-ছাত্রী ইতোপূর্বে এই বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছে অথবা অংশগ্রহণের যোগ্যতা অর্জন করেছে তারা এই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

[ক] প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল/সমমানের পরীক্ষায় পাশ করতে হবে অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ করতে হবে।

প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৪.৫০ এবং গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন এই তিনটি বিষয়ে ৬০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪৮০ নম্বর পেয়ে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় পাশ করতে হবে অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ করতে হবে।

যে সব প্রার্থী ২০১৬ সালে মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় এবং ২০১৮ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় তাদের সংশোধিত ফলাফল ১০ সেপ্টেম্বর ২০১৮ তারিখের পরে শিক্ষা বোর্ড থেকে প্রকাশিত হয়েছে, তাদেরকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন, ইংরেজী ও বাংলা বিষয় পাঁচটির মোট জিপি ন্যূনতম ২২.৫০ পেয়ে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় পাশ করতে হবে অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ করতে হবে।

সকল সঠিক আবেদনকারীর মধ্য হতে নিম্নে উল্লেখিত নির্ধারিত নম্বরের ভিত্তিতে বাছাই করে ১ম থেকে ১২,০০০ তম পর্যন্ত সকল আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে। এই বাছাইয়ের জন্য যথাক্রমে আবেদনকারীর উচ্চমাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন বিষয় তিনটিতে প্রাপ্ত মোট নম্বর, গণিতে প্রাপ্ত নম্বর এবং পদার্থবিজ্ঞানে প্রাপ্ত নম্বরকে অগ্রাধিকারের ক্রম হিসাবে বিবেচনা করা হবে। উল্লেখ্য যে, যেসব আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে না, তাদের আবেদনের সময় প্রদত্ত ফি হতে ২০০ টাকা সার্ভিস চার্জ কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

[খ] GCE "O" লেভেল এবং GCE "A" লেভেল পাশ করা প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE "O" লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয় (গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিসহ)-এর প্রতিটিতে কমপক্ষে B গ্রেড এবং GCE "A" লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন এই তিন বিষয়ের প্রতিটিতে কমপক্ষে A গ্রেড পেয়ে পাশ করতে হবে।

ন্যূনতম যোগ্যতা পূরণসাপেক্ষে GCE "O" লেভেল এবং GCE "A" লেভেল পরীক্ষার ফলাফল প্রাপ্ত সকল সঠিক আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

[গ] ন্যূনতম যোগ্যতা পূরণসাপেক্ষে ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত সকল সঠিক আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত আবেদনকারীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইট (www.buet.ac.bd)-এ প্রকাশ করা হবে।

২। আসন সংখ্যা

পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ ও নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য মোট ৩টি এবং স্থাপত্য বিভাগে ১টি সংরক্ষিত আসনসহ সর্বমোট আসন সংখ্যা ১০৬০ টি।

৩। আবেদন করার নিয়ম

ভর্তির নির্দেশিকা (Prospectus) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.buet.ac.bd)-এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে তা অনলাইনে Submit করতে হবে। Submit করা শেষে একটি Application Serial No. প্রদান করা হবে এবং পরবর্তীতে এই নম্বরের বিপরীতে শিওরক্যাশ, রকেট বা বিকাশ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ও ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি জমা দিতে হবে। অতঃপর আবেদনটি চূড়ান্তভাবে দাখিল (Final Submit) করতে হবে। প্রতিটি গ্রুপের জন্য প্রদেয় ফি-এর পরিমাণ নীচের ছকে উল্লেখ করা হল:

গ্রুপ	বিভাগ	আবেদন ও ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি
"ক"	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	৳.৯০০/- (নয়শত মাত্র)
"খ"	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ	৳. ১১০০/- (এক হাজার একশত মাত্র)

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের ফরম কেবলমাত্র অনলাইনে পূরণ করা যাবে এবং আবেদন ফি শিওরক্যাশ, রকেট বা বিকাশ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদানযোগ্য হবে। আবেদনের ফরম অনলাইনে পূরণ সংক্রান্ত যে কোন সহযোগিতার জন্য এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের ভর্তি শাখায় শুক্রবার ব্যতীত যে কোন দিন যোগাযোগ করা যাবে।

৪। আবেদনপত্র গ্রহণ, ভর্তি পরীক্ষা ইত্যাদির তারিখ ও সময়সূচী

১। অনলাইনে আবেদনপত্র পূরণ ও submission শুরু	৩১ আগষ্ট , ২০১৯, শনিবার সকাল ১০:০০ টা
২। অনলাইনে আবেদনপত্র পূরণ ও submission শেষ	৯ সেপ্টেম্বর, ২০১৯, সোমবার বিকাল ৪:৩০ মিনিট
৩। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি প্রদান শেষ	৯ সেপ্টেম্বর, ২০১৯, সোমবার বিকাল ৪:৩০ মিনিট
৪। E, T, S, R চিহ্নিত আবেদনপত্র সরাসরি রেজিষ্ট্রার অফিসের ভর্তি শাখায় জমা দেয়া (E, T, S, R চিহ্নিত আবেদনপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েবসাইটে প্রদত্ত "স্নাতক শ্রেণীর ভর্তি-নির্দেশিকায়" দেয়া আছে)	১ সেপ্টেম্বর ২০১৯, রবিবার হতে ১১ সেপ্টেম্বর, ২০১৯, বুধবার পর্যন্ত (শুক্রবার ব্যতীত) সকাল ১০:০০ টা - বিকাল ৪:৩০ মিনিট
৫। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশের সর্বশেষ তারিখ	১৮ সেপ্টেম্বর, ২০১৯, বুধবার
৬। ভর্তি পরীক্ষা	১৪ অক্টোবর, ২০১৯, সোমবার (সকাল ৯ ঘটিকা থেকে শুরু)
৭। ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা প্রকাশের সর্বশেষ তারিখ	০৫ নভেম্বর, ২০১৯, মঙ্গলবার

ভর্তি-সংক্রান্ত পরবর্তী কার্যক্রমের সময়সূচী BUET-এর নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে যথাসময়ে জানানো হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ

- ০৯ সেপ্টেম্বর, ২০১৯, সোমবার বিকাল ৪:৩০ মিনিটের পর অনলাইনে আবেদনপত্র পূরণ শুরু করা যাবে না এবং ঐদিনই বিকাল ৫:৩০ মিনিটে অনলাইনে আবেদনের সার্ভার বন্ধ হয়ে যাবে; এর পর থেকে অনলাইনে আর কোন আবেদনপত্র submit করা যাবে না।
- মডিউল A এবং মডিউল B এর প্রতিটি বিষয়ের সকল প্রশ্ন ও মূল্যায়ন প্রচলিত পদ্ধতিতে করা হবে। কোন বিষয়ে MCQ Type প্রশ্ন থাকবে না।

রেজিস্ট্রার